

## মালয়েশিয়ায় বাংলাদেশী অবৈধ অভিবাসীদের বৈধকরণ বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভা

আজ ১০ সেপ্টেম্বর সকাল-১১.০০ টায় ঢাকার ইক্সটেন্স প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে মালয়েশিয়ায় বাংলাদেশী অবৈধ অভিবাসীদের বৈধকরণ বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি'র সভাপতিত্বে পররাষ্ট্র ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধিবৃন্দ এবং মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর সংস্থার প্রধানগণসহ মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী মালয়েশিয়ায় বাংলাদেশী অবৈধ অভিবাসীদের বৈধকরণ এবং আর যেন কেউ অবৈধভাবে সেদেশে না যেতে পারে তার জন্য জোরালো প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সভায় মালয়েশিয়ায় কর্মরত অবৈধ কর্মীদের বৈধকরণে জোরালো কূটনৈতিক প্রচেষ্টা গ্রহণ, অবৈধভাবে মানব পাচার প্রতিরোধ এবং দক্ষ ও আধা-দক্ষ কর্মী প্রেরণসহ বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সভায় মালয়েশিয়ায় অবৈধ অভিবাসীদের বৈধকরণে কূটনৈতিক প্রচেষ্টা অব্যাহত রাখা এবং মানব পাচার রোধে পুলিশ, ইমিগ্রেশন, কোস্টগার্ড, বিজিবিসহ সংশ্লিষ্ট অন্যান্যদের নির্দেশনা প্রদানের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের চলমান কার্যক্রম জোরদারকরণের উপর গুরুত্বারোপ করা হয়। অবৈধ অভিবাসীদের রিহায়ারিং এর আওতায় আনার জন্য মালয়েশিয়ান্ত বাংলাদেশ হাইকমিশনের শ্রম উইংয়ের মাধ্যমে ব্যপক প্রচার প্রচারণা অব্যাহত রাখা ও মালয়েশিয়ায় দক্ষ ও আধা-দক্ষ কর্মী প্রেরণের বিষয়েও সভায় আলোচনা হয়। বাংলাদেশের বিমান বন্দরসমূহে অবৈধভাবে কর্মী গমন রোধে মনিটরিং ও এনফোর্সমেন্ট টাঙ্কফোর্সের কার্যক্রম জোরদার করণের উপর আলোচনা করা হয়। সভায় স্টুডেন্ট ভিসা, ভিজিট ভিসাসহ বিভিন্ন ব্যক্তিগত ভিসায় গমনকারীদের বিষয়ে কূটনৈতিক উদ্যোগ গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। এছাড়াও মালয়েশিয়ায় জি টু জি প্লাস প্রক্রিয়ায় বৈধভাবে গমনকারী কর্মীদের বিভিন্ন কল্যাণমূলক সুযোগ সুবিধার বিষয়ে আলোচনা করা হয়।